

## প্রেস রিলিজ

১৫ সেপ্টেম্বর ২০২৪

# বাউবির উপাচার্য হিসেবে যোগদান করেছেন অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম



দেশের একমাত্র দূরশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) নতুন উপাচার্য হিসেবে অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম ১৫ সেপ্টেম্বর ২০২৪; রবিবার বাউবির গাজীপুর ক্যাম্পাসে যোগদান করেছেন। রাষ্ট্রপতি ও আচার্য মো. সাহাবুদ্দিন চার বছর মেয়াদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক, বিশিষ্ট শিক্ষাবিদ ও গবেষক ড. এ বি এম ওবায়দুল ইসলামকে এই নিয়োগ প্রদান করেন। গত বৃহস্পতিবার ১২ সেপ্টেম্বর ২০২৪ মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের এক প্রজ্ঞাপনের মাধ্যমে এই আদেশ জারি করা হয়।

রবিবার সকালে বাউবিতে যোগদানের পর কেন্দ্রীয় অডিটোরিয়ামে সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীদের সাথে পরিচিতি ও সৌজন্য সাক্ষাৎ করেন উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। প্রথমেই তিনি বৈষম্যবিরোধী আন্দোলনে সকল শহীদের আত্মার মাগফেরাত ও আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে মূলধারায় ফিরিয়ে এনে শিক্ষার্থী বান্ধব প্রতিষ্ঠান হিসেবে গড়তে তিনি অঙ্গীকার ব্যক্ত করেন। উপাচার্য আরো বলেন, শুধু সনদ বিতরণই নয় বরং নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ করে বাউবিকে প্রকৃত জ্ঞানের আলোয় আলোকিত করতে হবে। যে লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে ১৯৯২ সালে অধ্যাপক ড. এম শমসের আলীর হাত ধরে বাউবি প্রতিষ্ঠিত হয়েছিল তা বাস্তবায়নে সকলকে সততা, নিষ্ঠা ও নিয়ম-শৃঙ্খলা বজায় রেখে কাজ করার আহ্বান জানান তিনি। বাউবিকে যোগাযোগ প্রযুক্তি, দক্ষতা ও শিক্ষার মানোন্নয়ন করে বিশ্বমানের শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার আশাবাদও ব্যক্ত করেন। এ সময় তিনি অর্থিক দুর্নীতিসহ সকল অনিয়ম থেকে দূরে থাকতে কঠোর অঙ্গীকার ব্যক্ত করেন। বাউবির রেজিস্ট্রার ড. শফিকুল আলমের সঞ্চালনায় এই পরিচিতি ও সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠানটি পরিচালিত হয়।

ড. ওবায়দুল ইসলামের শিক্ষা, গবেষণা, রাজনীতি ও বিজ্ঞানে রয়েছে বর্ণাঢ্য কর্মযজ্ঞ। দীর্ঘ ক্যারিয়ারে তিনি দেশ বিদেশে অসংখ্য পুরস্কারে ভূষিত হয়েছেন। আন্তর্জাতিক বিভিন্ন জার্নালে তাঁর তিন ডজনের অধিক আর্টিকেল প্রকাশিত হয়েছে। ১৯৯৯ সালে জাপানের তোয়ামা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি অর্জন করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সংগঠন ইউনিভার্সিটি টিচার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ ইউট্যাবের সভাপতির দায়িত্ব পালন করছেন এই শিক্ষাবিদ। বাগেরহাটের মোড়লগঞ্জে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন তিনি।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)